ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২২০/২০১৮/৯৫৯৮০ তারিখ : ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ফাজিলপুর ওয়ালিয়া ফাজিল মাদরাসা ডাকঘরঃ ফাজিলপুর, উপজেলাঃ ফাজিলপুর, জেলাঃ ফেনী-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৭.০৪.২০২৬ খ্রি. দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত ৩য় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৬ খ্রি. থেকে ৩০.০৬.২০৩০ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

০১. মাদরাসার শিক্ষকগণের জন্য বিষয় ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০২. মাদরাসার কার্যক্রম বাস্তবায়নের জন্য সকল কমিটি (একাডেমিক কমিটি, অভ্যন্তরীণ ক্রয় কমিটি, সাংস্কৃতিক কমিটি) অফিস আদেশের মাধ্যমে প্রকাশ করতে হবে।
০৩. বিভিন্ন দিবস উপলক্ষে শিক্ষার্থীদের অংশগ্রহণে দেয়ালিকা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করে তা বিশ্ববিদ্যালয় অবহিত করতে হবে।
০৪. ফাজিল (স্নাতক) বিএ পাস শ্রেণিতে শিক্ষার্থী বৃদ্ধির জন্য জরুরী কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক অভিভাবক সমাবেশ, শিক্ষক সমন্বয়ে কমিটি গঠন করতে হবে।
০৫. শিক্ষার্থীদের লাইব্রেরিতে বই আদান-প্রদান বিষয়ে উৎসাহমূলক কর্যক্রম পরিচালনা করতে হবে।
০৬. প্রতি সপ্তাহে শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক প্রতিযোগীতা এবং বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করতে হবে।
০৭. মাদরাসার প্রাক্তন শিক্ষার্থীদের নিয়ে অ্যালামনাই এসোসিয়েশন গঠনর্পূবক নিয়মিত কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৮. শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধির জন্য ল্যাঙ্গুয়েজ ক্লাব চালু করতে হবে।
০৯. একটি সমৃদ্ধ বিজ্ঞানাগার প্রস্তুত করে শিক্ষক-শিক্ষার্থীদের বিজ্ঞানাগার ব্যবহারের নির্দেশনা দিতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৯/১০/২০২৬
প্রফেসর ড. হুসাইন আহমাদ
পরিদর্শক (অতিঃ দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
ফাজিলপুর ওয়ালিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ ফাজিলপুর, উপজেলাঃ ফাজিলপুর, জেলাঃ ফেনী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২২০/২০১৮/৯৫৯৮০ তারিখ : ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৩। ভাইস চ্যান্সেলর একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। সভাপতি, ফাজিলপুর ওয়ালিয়া ফাজিল মাদরাসা ডাকঘরঃ ফাজিলপুর, উপজেলাঃ ফাজিলপুর, জেলাঃ ফেনী।
৬। অফিস নথি।

29.10.2026
(শিরিনা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬